বাংলা | Bengali

# অভিবাসীদের জন্য উপভোক্তা সুরক্ষা বিষয়ক পরামর্শ:

# কর্মসংস্থান সংস্থা

## আপনার পড়ার আগে...

**কর্মসংস্থান সংস্থা কী?**
একটি কর্মসংস্থান সংস্থা পারিশ্রমিকের বিনিময়ে নিয়োগকর্তাদের কর্মী খুঁজে পেতে এবং চাকরি প্রার্থীদের কাজ খুঁজে পেতে সাহায্য করে।

**বিনামূল্য সহায়তা নিন।**
সিটি চাকরি প্রার্থীদের বিনামূল্য সহায়তা প্রদান করে। nyc.gov/workforce1 দেখুন বা 311 নম্বরে ফোন করুন এবংএকটি ওয়ার্কফোর্স1 কেরিয়ার সেন্টার খুঁজে দিতে বলুন।

**আপনি যদি চাকরি খোঁজার জন্য একটি কর্মসংস্থান সংস্থার সঙ্গে কাজ করেন, তাহলে আপনাকে সাহায্য করার জন্য এখানে কিছু পরামর্শ দেওয়া হল।**

## সাধারণ পরামর্শ

- **একটি লাইসেন্সপ্রাপ্ত কর্মসংস্থান সংস্থাকে ব্যবহার করুন।** কর্মসংস্থান সংস্থাগুলির অবশ্যই একটি উপভোক্তা বিষয়ক বিভাগ (DCA)-এর লাইসেন্স থাকতে হবে।

  লাইসেন্স ও অভিযোগের ইতিহাস যাচাই করার জন্য nyc.gov/dca দেখুন বা **311 এ ফোন করুন।**

  **গুরুত্বপূর্ণ**

  - কর্মসংস্থান সংস্থাগুলি প্রশিক্ষণের ক্লাস বা সার্টিফিকেশনের মত অন্যান্য পরিষেবাগুলির জন্য আপনার কাছে মূল্য দাবি করতে পারে না।
  - আপনি কি সুরক্ষা প্রশিক্ষণ স্কুলে আছেন? এটি অবশ্যই ফৌজদারি বিচার পরিষেবার নিউ ইয়র্ক স্টেট বিভাগের (New York State Division of Criminal Justice Services) সাথে নিবন্ধিত হতে হবে।
  - আপনি কি বারটেন্ডিং স্কুলে আছেন? নিউ ইয়র্ক স্টেট ব্যুরো অফ প্রপ্রায়াটরি স্কুল সুপারভিশন (New York State Bureau of Proprietary School Supervision) বারটেন্ডিং স্কুলগুলির তত্ত্বাবধান করে।

- **যে কর্মসংস্থান সংস্থাগুলি চাকরির "গ্যারান্টি" দেয় সেগুলি ব্যবহার করবেন না।** কর্মসংস্থান সংস্থাগুলি গ্যারান্টি দিতে পারে না যে তারা আপনাকে একটি চাকরি খুঁজে দেবে। সংস্থাগুলি শুধু আপনাকে সেই সব লভ্য চাকরিগুলির জন্য রেফার করতে পারে যেখানে কমপক্ষে ন্যূনতম মজুরি প্রদান করা হয়।

  নিউ ইয়র্ক স্টেট ও ফেডারাল আইন ন্যূনতম মজুরি নির্দিষ্ট করে দেয়। নিউ ইয়র্ক স্টেট ন্যূনতম মজুরির জন্য labor.state.ny.us দেখুন।

- **জানুন কেমন করে কর্মসংস্থান সংস্থা ফী কাজ করে।** কর্মসংস্থান সংস্থাগুলি আপনাকে কোনো চাকরি দেবার আগে আপনার থেকে কোনো ফী চার্জ করতে পারে না।

  ফীগুলি আইনের দ্বারা নির্ধারিত সর্বাধিক পরিমাণের থেকে বেশী হবে না।

  কর্মসংস্থান সংস্থার আইন ও নিয়মাবলীর জন্য nyc.gov/dca দেখুন, যেখানে ফী সংক্রান্ত তথ্য দেওয়া রয়েছে।

  যদি সংস্থাটি আপনার থেকে চার্জ নিয়ে থাকে তবে আপনার সম্পূর্ণ ফী ফেরৎ পাবার অধিকার রয়েছে:

  - কোনো অগ্রিম ফী, ডিপোজিট ফী, রেজিস্ট্রেশন ফী, অ্যাপ্লিকেশন ফী, বা ইন্টারভিউ ফী। অথবা
  - অন্য কোনো কর্মসংস্থান সংস্থা বা ট্রেনিং স্কুলে আপনাকে পাঠাতে অথবা
  - ট্রেনিং কোর্স, ফটো, বা জীবন-বৃত্তান্ত পর্যালোচনা করার মতো কোনো অতিরিক্ত বিষয়গুলির জন্য।

- **একটি নির্ভুল, লিখিত চুক্তি দাবি করুন।** আপনি স্বাক্ষর করার আগে সংস্থাগুলিকে অবশ্যই আপনাকে পূর্ণ চুক্তিটি দিতে হবে। আপনার চুক্তিতে যা থাকা উচিত:
  - সংস্থার নাম, ঠিকানা ও DCA লাইসেন্স নম্বর
  - কাজের ধরন
  - মূল্য
  - ফী পরিশোধের সময়সুচি

  নিশ্চিত হয়ে নিন যে লিখিত চুক্তিটি আপনাদের কথ্য চুক্তির সাথে মিলেছে।

  স্বাক্ষর করার আগে, সংস্থাটিকে বলুন আপনার সব প্রশ্নের উত্তর লিখিতভাবে দিতে।

  সংস্থাটিকে অবশ্যই চুক্তির একটি প্রতিলিপি এবং প্রতিটি অ র্থপ্রদানের জন্য একটি রসিদ আপনাকে দিতে হবে। সব প্রতিলিপিগুলি একটি নিরাপদ জায়গায় রাখুন।

- **বেআইনি প্রশ্নের উত্তর দেবেন না।** যদি না সেগুলি চাকরির জন্য বৈধ যোগ্যতা হয়, তাহলে কোনো নিয়োগকর্তা বা সং স্থার পক্ষে নিম্নলিখিত বিষয়ে প্রশ্ন জিজ্ঞাসা করা বেআইনি:
  - বয়স
  - জাতি
  - ধর্মবিশ্বাস
  - ধর্ম
  - রঙ
  - জাতীয় উৎস
  - লিঙ্গ
  - প্রতিবন্ধকতা
  - বৈবাহিক অবস্থা
  - পার্টনারশিপের অবস্থা
  - পরিচর্যাকারীর অবস্থা
  - যৌন ঝোঁক
  - বৈদেশিকতা বা নাগরিকত্বের অবস্থা

- **DCA-এর কাছে অভিযোগ নথিভুক্ত কতুন।** DCA-এর কাছে অনলাইনে nyc.gov/dca এ একটি অভিযোগ নথিভুক্ত করুন অথবা আপনার ভাষায় একটি অভিযোগ নথিভুক্ত করতে 311 নম্বরে যোগাযোগ করুন। অভিযোগ জানানোর জন্য আপনাকে আপনার নাম বা অভিবাসনের অবস্থা দিতে হবে না। *দ্রষ্টব্য:* আপনি যদি চান যে DCA আপনার সঙ্গে যোগাযোগ করুক, তাহলে আপনাকে আপনার নাম ও ঠিকানা অবশ্যই দিতে হবে।

# এগুলির ব্যাপারে সাবধান হোন...

## মানুষকে ঠকায় এমন স্কুল

NYC-তে লাভের উদ্দেশ্যে পরিচালিত কয়েক শত স্কুল আছে। এয়ার কন্ডিশনিং মেরামত করা ও কস্মেটোলজি থেকে শুরু করে মেডিকাল টেকনিসিয়ান প্রশিক্ষণ পর্যন্ত সব ধরনের কোর্স এর অন্তর্ভুক্ত। কিছু স্কুল ছাত্রছাত্রীদের বিভ্রান্ত করে। এগুলি যা করতে পারে:

- আপনাকে প্রচুর পরিমাণ আর্থিক সহায়তা নিতে বাধ্য করা।
- গ্র্যাজুয়েট হওয়ার পরে আপনাকে চাকরির "গ্যারান্টি" দেওয়া।
- আপনার ক্রেডিটগুলি অন্য একটি স্কুলে স্থানান্তরিত হবে কিনা সেই বিষয়টি সহ, আপনার ডিগ্রির মূল্য সম্বন্ধে মিথ্যা কথা বলা।

*মনে রাখুন :*

- আর্থিক সহায়তা হল সাধারণত একটি ঋণ বা আপনাকে অবশ্যই পরিশোধ করতে হবে। এটি কোনো বৃত্তি নয়।
- অনেকগুলি স্কুলের বিষয়ে খোঁজখবর নিন।
- আপনি যেদিন স্কুল পরিদর্শন করেন, সেই দিনই সাইন আপ করবেন না।
- স্কুলের টিউশন বাতিলকরণ নীতিটি লিখিতভাবে নিন।

উচ্চতর শিক্ষার একটি স্কুলের বিরুদ্ধে অভিযোগ নথিভুক্ত করতে **311 এ ফোন করুন।**

## বিনামূল্যে সহায়তা

- nyc.gov/workforce1 দেখুন বা 311 নম্বরে ফোন করুন এবং একটি বিনামূল্য ওয়ার্কফোর্স1 কেরিয়ার সেন্টার খুঁজে দিতে বলুন।
- nyc.gov দেখুন বা 311 নম্বরে ফোন করুন এবং বিনামূল্য ও কম খরচের প্রাপ্তবয়স্ক শিক্ষা কার্যক্রমগুলির বিষয়ে জানতে চান।

**গুরুত্বপূর্ণ**

- শহরের যে এজেন্সিগুলি সরাসরি সামাজিক পরিষেবা প্রদান করে তাদেরকে অবশ্যই আপনার মাতৃভাষায় দোভাষী ও অনুবাদের ব্যবস্থা করতে হবে।
- কোনো বেনিফিট বা পরিষেবার যোগ্যতা নির্ণয় করার জন্য প্রয়োজনীয় না হলে, শহরের এজেন্সিগুলি অভিবাসনের অবস্থা সম্বন্ধে জিজ্ঞাসা করতে পারে না।

## অন্যান্য রিসোর্সগুলি

- অভিবাসীদের জন্য উপভোক্তা সুরক্ষা বিষয়ক পরামর্শগুলি পড়ুন:
  - আর্থিক বিষয়
  - অভিবাসন সহায়তা পরিষেবা
  - কর প্রস্তুতি
- আরো তথ্যের জন্য nyc.gov/dca দেখুন, যার অন্তর্ভুক্ত হল:
  - চাকরি প্রার্থীর অধিকারসমূহের বিল
  - কর্মীর অধিকারসমূহ ও নিয়োগকর্তার দায়িত্বগুলির বিবৃতি (ঘরোয়া বা পারিবারিক কর্মী)
  - NYC অসুস্থতার জন্য বেতন সহ ছুটির আইন (NYC Paid Sick Leave Law)
  - NYC যাত্রী সুবিধা আইন (Commuter Benefits Law)
- মেয়র'স অফিস অফ ইমিগ্র্যান্ট অ্যাফেয়ার্স (MOIA): অভিবাসী কর্মী এবং চাকরি ও কাজের সম্বন্ধে তথ্যের জন্য nyc.gov/immigrants দেখুন।
- ক্ষুদ্র ব্যবসা পরিষেবা (Small Business Services) (SBS): চাকরি প্রার্থীদের সাহায্যের জন্য nyc.gov/sbs দেখুন।
- মানবাধিকার কমিশন (Human Rights Commission): বৈষম্যের বিষয়ে একটি অভিযোগ নথিভুক্ত করতে nyc.gov/humanrights দেখুন বা 311 নম্বরে যোগাযোগ করুন। *অভিবাসীবৃন্দ এবং কর্মস্থলে ও বাড়িতে NYC মানবাধিকারসমূহ (Immigrants & NYC Human Rights at Work and at Home)* পড়ুন।

Office of the Mayor

**Consumer Affairs**
Lorelei Salas
Commissioner

**Mayor's Office of Immigrant Affairs**
Nisha Agarwal
Commissioner

**Small Business Services**
Gregg Bishop
Commissioner